গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(জে. এম. শাখা)
(www.faridpur.gov.bd)

**ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ
জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
সভার তারিখ ঃ ১০/০৩/২০২৪ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান ঃ সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে)।
অনুপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট-খ

মহান স্বাধীনতার এ মাসে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। গত ৭ই মার্চ বর্ণাঢ্যভাবে উদ্‌যাপন করা হয়েছে, ১৭ই মার্চ এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস একইভাবে উদযাপন করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। স্বাধীনতার এ মহান মাসে তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী ত্রিশলক্ষ শহীদ ও সম্ভ্রম হারানো দুই লক্ষ মা-বোনকে, আরোও শ্রদ্ধাভরে স্মরণ করেন ১৫ই আগস্ট কাল রাতে শহীদ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ নিহত পরিবারের অন্যান্য সদস্যদেরকে, জাতীয় ০৪ (চার) নেতাসহ ও গণতান্ত্রিক আন্দোলনে শহীদ অন্যান্য শহীদদের। জনাব ঝর্না হাসান, জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে মাননীয় "সংসদ সদস্য" নির্বাচিত হওয়ায় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সকলের পক্ষে সভাপতি তাকে অভিনন্দন জানান।

উপজেলা ও ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটিগুলো তৎপরতার সাথে কাজ করলে জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। পাশাপাশি পুলিশ, আনসার ও র‍্যাব এর সদস্যদেরকে প্রয়োজনীয় ক্ষেত্রে অগ্রিম সংবাদের ভিত্তিতে অধিকতর সতর্কতার সাথে কাজ করতে অনুরোধ জানানো হয়। অতঃপর জানুয়ারি/২০২৪ মাসের অপরাধচিত্র, আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বিভিন্ন বাহিনী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম, জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্ট এবং গ্রাম আদালত এর কার্যক্রম সম্পর্কিত তথ্য সভায় উপস্থাপন করা হয়।

ফরিদপুর জেলার ফেব্রুয়ারি/২০২৪ মাসের অপরাধচিত্রঃ

| খুন | মানব পাচার | নারী নির্যাতন | দ্রুত বিচার | সিঁধেল চুরি/ ডাকাতি | ধর্ষণ | জুয়া/পর্ণগ্রাফি/ এসিড/অস্ত্র আইন | অন্যান্য খাতের মামলা | মাদক দ্রব্য আইন | সর্বমোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৪ | ০১ | ১৮ | ০৭ | ০৮ | ০৯ | ০১ | ১৩৬ | ৭১ | ২৫৫ |

ফেব্রুয়ারি/২০২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্যঃ

| মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | আদায়কৃত জরিমানা | আসামীর সংখ্যা | কারাদন্ড প্রাপ্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫০ | ৯২ | ৮,৯৯৫১০/- | ৯২ | ০৮ | -- |

ফেব্রুয়ারি/২০২৪ মাসে র‍্যাব কর্তৃক পরিচালিত অভিযান সম্পর্কিত তথ্যঃ

| অভিযান সংখ্যা | মামলার সংখ্যা | জিডির সংখ্যা | আসামীর সংখ্যা | উদ্ধারকৃত মালামাল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৩ | ০৪ | -- | ২৩ | ইয়াবা | ২৮৫ পিস | |
| | | | | গাজা | ১০ কেজি | |
| | | | | ফেনসিডিল | ৬০ বোতল | |
| | | | | মোবাইল সেট | ১৩টি | |
| | | | | নগদ টাকা | ১১,৩৫০/- টাকা | |
| | | | | মোটর সাইকেল | ০১টি | |



CamScanner

ফেব্রুয়ারি/২০২৪ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অভিযান পরিচালনা সংক্রান্ত তথ্যঃ

| অভিযানের সংখ্যা | মামলার সংখ্যা | মোট দন্ডিত ব্যক্তির সংখ্যা | সাজার বিবরণ | অর্থ দণ্ডে দন্ডিত ব্যক্তির সংখ্যা | অর্থ দন্ড | উদ্ধারকৃত আলামত | |
|---|---|---|---|---|---|---|---|
| ১১০ | ২৫ | ১০ | ২৫টি মামলার মধ্যে মোবাইল কোর্টের মাধ্যমে ১০টি ও নিয়মিত ১৫টি মামলায় ১০ জন আসামীকে বিভিন্ন মেয়াদে সাজা অর্থ দন্ড প্রদান করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২৪ মাসে ১৫ জন আসামীর বিরুদ্ধে ১৫ টি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। | ১০ | - | গাঁজা<br>ইয়াবা<br>হিরোইন<br>ফেনসিডিল<br>মোটরসাইকেল | ৩.৪২০কেজি<br>১৯৩৫ পিস<br>১০ গ্রাম<br>৯৫ বোতল<br>০১ টি |

ফেব্রুয়ারি/২০২৪ মাসে গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত তথ্যঃ

| উপজেলা | পূর্ববর্তী মাসের জের | বিবেচন্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ফরিদপুর সদর | ১৯ | ২১ | ৪০ | ২৪ | ২৬ | -- |
| বোয়ালমারী | ১৩ | ১০ | ২৩ | ১০ | ১৩ | -- |
| চরভদ্রাসন | ১১ | ০২ | ১৩ | ১০ | ০৩ | -- |
| নগরকান্দা | ৩৩ | ১২ | ৪৫ | ৪৩ | ০২ | -- |
| সদরপুর | ০৫ | ০৪ | ০৯ | ০৫ | ০৪ | -- |
| সালথা | ০২ | ১০ | ১২ | ১০ | ০২ | -- |
| আলফাডাঙ্গা | ১৪ | ১৬ | ৩০ | ১৪ | ১৬ | -- |
| ভাঙ্গা | ০৪ | ০৩ | ০৭ | ০ | ০৭ | -- |
| মধুখালী | ২০ | ২২ | ৪২ | ২৬ | ১৬ | -- |
| মোট= | ১২২ | ১০০ | ২২২ | ১৪২ | ৮০ | -- |

ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভার পরিসংখ্যানঃ

| উপজেলা | ইউনিয়নের সংখ্যা | সভার সংখ্যা |
|---|---|---|
| ফরিদপুর সদর | ১২ | ১২ |
| বোয়ালমারী | ১০ | ১০ |
| চরভদ্রাসন | ০৪ | ০৪ |
| নগরকান্দা | ০৯ | ০৯ |
| সদরপুর | ০৯ | ০৯ |
| সালথা | ০৮ | ০৮ |
| আলফাডাঙ্গা | ০৬ | ০৬ |
| ভাঙ্গা | ১২ | ১২ |
| মধুখালী | ১১ | ১১ |
| মোট= | ৮১ | ৮১ |

সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. ইউনিয়ন ও উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা: | ➤ উপজেলার প্রতিটি ইউনিয়নে নিয়মিতভাবে আইন-শৃঙ্খলা কমিটির সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভায় পুলিশের বিট অফিসারসহ সংশ্লিষ্ট সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>➤ ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভার আলোচনায় অনিস্পন্ন বিষয় উপজেলা আইন-শৃঙ্খলা সভার কার্যপত্রে অন্তর্ভুক্ত করতে হবে এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় অনিস্পন্ন বিষয় জেলার আইন শৃঙ্খলা কমিটির সভার আলোচনায় অন্তর্ভূক্ত করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এবং সহকারী কমিশনার (ভূমি) বিষয়টি মনিটরিং করবেন।<br>➤ ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>➤ ইউনিয়ন ও উপজেলা আইন-শৃঙখলা কমিটির সভার কার্যবিবরণী পাওয়া না গেলে সংশ্লিষ্ট চেয়ারম্যানকে শোকজ করতে হবে এবং প্রয়োজনে স্থানীয় সরকার মন্ত্রণালয়কে বিষয়টি জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➤ উপজেলার কোন বিষয় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করতে হলে সভায় এজেন্ডাভূক্ত করতে হবে। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩. অফিসার ইনচার্জ (সকল থানা), ফরিদপুর।<br>৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ফরিদপুর। |

চলমান পাতা-০৩

CamScanner

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২. জেলার অপরাধচিত্র পর্যালোচনাঃ<br>জেলা পুলিশ কর্তৃক সরবরাহকৃত জেলার তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় যে, ফেব্রুয়ারি/২০২৪ মাসে মোট ২৫৫টি অপরাধ সংঘটিত হয়েছে। জানুয়ারি/২০২৪ মাসে সংঘটিত অপরাধ সংখ্যা ছিল ২২০টি। গত মাসের তুলনায় সার্বিকভাবে অপরাধ প্রবনতা বৃদ্ধি পেয়েছে। | ➢ ধর্ষণ, সন্ত্রাস, চাঁদাবাজি, টেন্ডারবাজি ইত্যাদি অপরাধমূলক কর্মকান্ডের সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনাতে পুলিশী টহল বৃদ্ধি করতে হবে।<br>➢ ফরিদপুর শহরের আবাসিক হোটেলসমূহে অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে মোবাইল কোর্টের কার্যক্রম জোরদার করতে হবে।<br>➢ ফরিদপুর শহরের আবাসিক হোটেলসমূহের অসামাজিক কার্যকলাপ বন্ধে হোটেল মালিকদের নিয়ে বিশেষ সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➢ জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এ কিশোর গ্যাংদের অপতৎপরতার বিষয় বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। কিশোর গ্যাংদের অপতৎপরতা নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ খুন-জখম হ্রাসকল্পে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্টদের সচেতন হতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, মাদারীপুর অঞ্চল/ নৌ-পুলিশ, ফরিদপুর।<br>৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৪. অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।<br>৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৭. সহকারী কমিশনার (ভূমি), (সকল),ফরিদপুর ।<br>৮. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফরিদপুর। |
| ০৩. আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ:<br>সর্বিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা হয়। | ➢ জেলার বিভিন্ন স্থানে চুরি ও ডাকাতি প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>➢ স্থানীয় কোন্দল, কাইজ্জা, সহিংসতা রোধ করার লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে এবং আলোচনার মাধ্যমে এ ধরণের স্থানীয় সমস্যা সমাধান করতে হবে।<br>➢ কোন কর্মকর্তা/ রাজনৈতিক ব্যক্তি উষ্কানিমূলক পোস্ট দিলে তার বিরুদ্ধে রিপোর্ট করতে হবে এবং তথ্য প্রমান পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ রেল ক্রসিং এর যথাযথ নিরাপত্তা বিধান ও গেটম্যান নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➢ রেল বিভাগের কর্মকর্তাদের আইন-শৃঙ্খলা মিটিং এর সদস্য করার সিদ্ধান্ত হয়।<br>➢ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে যদি কারো নিকট কোন কিছু দৃষ্টি গোচর হয়; তাহলে আইন প্রয়োগকারী সংস্থাকে সাথে সাথে অবহিত করতে হবে।<br>➢ বিদ্যুতের স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।<br>৩. উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।<br>৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৫. অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।<br>৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৮. নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো-১, ফরিদপুর।<br>৯. নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো-২, ফরিদপুর।<br>১০ জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফরিদপুর। |
| ০৪.পতিতালয়ের কর্মীদের পুনর্বাসনঃ | ➢ ফরিদপুর শহরের রথখোলা ও সিএন্ডবি ঘাটে দুইটি পতিতালয় রয়েছে।<br>➢ তাদের পুনর্বাসনের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ উল্লিখিত পতিতালয় অন্যত্র সরিয়ে নেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>➢ পতিতালয়ের যৌনকর্মীদের পুনর্বাসনের লক্ষ্যে নিম্নলিখিত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর- আহবায়ক<br>(খ) পুলিশ সুপার, ফরিদপুর এর প্রতিনিধি - সদস্য<br>(গ) অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর সদস্য<br>(ঘ) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর- সদস্য<br>(ঙ) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর- সদস্য<br>(চ) নির্বাহী পরিচালক (রাসিন) - সদস্য<br>(ছ) সভাপতি, প্রেস ক্লাব, ফরিদপুর- সদস্য<br>উক্ত গঠিত কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে যৌনকর্মীদের পুনর্বাসনের রূপরেখা প্রনয়ণ করবেন। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. সিভিল সার্জন, ফরিদপুর।<br>৩. মেয়র, ফরিদপুর পৌরসভা।<br>৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার ফরিদপুর সদর।<br>৬. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর।<br>৭. অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর<br>৮. সভাপতি/সাধারণ সম্পাদক বাংলাদেশ আওয়ামী লীগ ফরিদপুর জেলা শাখা, ফরিদপুর।<br>৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।<br>১০. সভাপতি, প্রেস ক্লাব, ফরিদপুর।<br>১১. নির্বাহী পরিচালক (রাসিন) |
| ০৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণঃ<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ এবং মাদক ব্যবসা প্রতিরোধের বিষয়ে আলোচনা করা হয়। | ➢ মাদক ব্যবসা রোধকল্পে সকল থানায় এলাকায় নিয়মিতভাবে বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>➢ আলোচ্য মাসে মাদকের বিরুদ্ধে তৎপর থাকার কারণে মাদকের মামলা বৃদ্ধি পেয়েছে; এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>➢ মাদকের মামলার আসামীরা দ্রুত জামিনে ছাড়া পেয়ে যাচ্ছে; সরকারি কৌশলীগণ কোন পদক্ষেপ গ্রহণ করছে না মর্মে অভিযোগের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ড পর্যায় থেকে মাদকের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>➢ আইন-শৃঙ্খলা বাহিনীর নজরদারির বাইরে থাকা মাদক বিক্রয়কারীদের গোয়েন্দা নজরদারির মাধ্যমে সনাক্ত করে আইনের আওতায় আনতে | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. সিভিল সার্জন, ফরিদপুর।<br>৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৬. উপপরিচালক, শুল্ক ও আবগারী বিভাগ, ফরিদপুর। |

CS CamScanner

| | | |
|---|---|---|
| | হবে।<br>➤ মাদকের অভিযানে মাচ্চর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহযোগিতা না করায় তাকে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➤ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ নিয়মিতভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ও মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের আইনের আওতায় আনার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করবেন।<br>➤ মাদকদ্রব্য নিয়ন্ত্রণে টাস্কফোর্সের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করতে হবে এবং এতে শুল্ক ও আবগারী বিভাগের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>➤ মাদকের বিষয়ে কারো কাছে তথ্য থাকলে দায়িত্ব নিয়ে গোপনে তথ্য প্রদান করতে হবে; তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখতে হবে।<br>➤ শিক্ষা প্রতিষ্ঠানে সন্ধার পরে মাদকদ্রব্য সেবন বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বরার চিঠি দিয়ে মাদকের সাথে জড়িত ছাত্রদের তালিকা প্রস্তুত করতে হবে।<br>➤ মাদক বন্ধে সামাজিক শাসন প্রতিষ্ঠা করতে হবে। | ৭. অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।<br>৮. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফরিদপুর।<br>৯. বিজ্ঞ পিপি/এপিপি, ফরিদপুর।<br>১০ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, ফরিদপুর |
| ০৬. জঙ্গিবাদ বিষয়ক আলোচনা:<br>সভায় জঙ্গিবাদ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ➤ জঙ্গিবাদ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>➤ ইমামগণ মসজিদে খুৎবার পূর্বের বয়ানে যাতে জঙ্গিবাদ, ধর্মীয় উস্কানিমূলক বক্তব্য দিতে না পারে সেজন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়া০জ মাহফিলে জঙ্গিবাদ এবং ধর্মীয় উস্কানিমূলক বিতর্কিত বক্তব্য প্রদান করলে বক্তব্য প্রদানকারী ব্যক্তি ও আয়োজক এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ ইমামগণ জুম্মা নামাজের খুৎবার পূর্বে সন্ত্রাস, মাদক ও বাল্য বিবাহ নিরোধ বিষয়ে বক্তব্য প্রদান করবেন। এ বিষয়টি উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন নিশ্চিত করবেন।<br>➤ ইমাম সাহেবগণ জঙ্গিবাদের বিষয়টি সঠিক ভাবে উপস্থাপন করছেন কিনা বিষয়টি মনিটরিং করতে হবে।<br>➤ জঙ্গিবাদ বিরোধী আন্দোলনকে জাতীয় ঐক্যের এবং আন্তরিকতার মাধ্যমে সামাজিক আন্দোলনে রূপ দিতে মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>➤ প্রশিক্ষণ/ মোটিভেশনের পরে তদারকি করতে হবে।<br>➤ মুসল্লিসহ, মেম্বার, চেয়ারম্যানগণ যে মসজিদে নামাজ আদায় করেন সেখানে ইমামদের বক্তব্য মনিটরিং করতে হবে।<br>➤ কোন স্থানে সহিংসতার ঘটনা ঘটার আশংকা থাকলে কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে এবং সহিংসতা বন্ধের করণীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ উপজেলার সকল মসজিদের সভাপতি, সাধারণ সম্পাদক, ইমাম সাহেবদের নিয়ে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে সভা করতে হবে।<br>➤ উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ এক মসজিদে নামাজ না পড়ে ঘুরে ঘুরে পর্যায়ক্রমে সকল মসজিদে নামাজ পড়তে হবে এবং সমন্বিত উদ্যোগে মসজিদে জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক বক্তব্য প্রচার করতে হবে।<br>➤ ধর্মীয় অনুষ্ঠানে সরকারবিরোধী উস্কানিমূলক বক্তব্য প্রদানকারীদের বিষয়ে গোয়েন্দা নজরদারিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় ইমামগণ উপস্থিত থাকবেন এবং তাঁদের বিষয়ে একটি অ্যাপস তৈরিপূর্বক মনিটরিং করতে হবে।<br>➤ স্কুল, কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উক্ত আলোচনায় এ বিষয়ে রাষ্ট্রীয়<br>আইনসমূহ অর্ন্তভূক্ত করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩. অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।<br>৪. যুগ্ম-পরিচালক, এনএসআইন, ফরিদপুর।<br>৫. উপ-পরিচালক, ইসলামিক, ইসলামিক ফাউন্ডেশন, ফরিদপুর।<br>৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর। |

CamScanner

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০৭. সড়ক/ মহাসড়কের পাশে অবৈধ দখলদার উচ্ছেদ:<br>সড়ক মহাসড়কের পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়। | ➢ যে কোন সংস্থা/প্রতিষ্ঠানের অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম পরিচালনার পূর্বে জেলা ম্যাজিস্ট্রেটকে অবশ্যই অবহিত করতে হবে।<br>➢ জেলা মৎস্য অফিসারের কার্যালয়ের সামনে এবং ফরিদপুর হাসপাতালের সামনের সড়কের জমি অবৈধ দখল হয়ে যাচ্ছে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➢ সড়ক/মহাসড়ক, নদ-নদীর পাশে অবৈধ দখল/অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে প্রশাসন ও পুলিশের সহায়তা অব্যাহত রাখতে হবে।<br>➢ সালথা, আলফাডাঙ্গা, ভাঙ্গা উপজেলার এলাকার সড়ক দুর্ঘটনা এড়াতে অবৈধ দখল উচ্ছেদ করতে হবে।<br>➢ দূর্ঘটনা এড়াতে ভাঙ্গা এক্সপ্রেসওয়ে এর গুরুত্বপূর্ণ বাকে গ্লাস/আয়না স্থাপন করতে হবে।<br>➢ পুকুরিয়া- সদরপুর রোডে রোড ডিভাইডার অপসারণ করতে হবে এবং রাস্তার পাশে গাড়ি, বাস, ট্রাক পার্কিং করে যানজট সৃষ্টি করা যাবে না।<br>➢ পুকুরিয়া রাস্তার পাশে অবৈধভাবে গড়ে ওঠা দোকান-পাট, হোটেল উচ্ছেদ করতে হবে।<br>➢ রাস্তায় ওভার স্পীডে গাড়ী চালানো যাবে না।<br>➢ ফরিদপুর-ভাঙ্গা রাস্তায় ক্যামেরা স্থাপন করতে হবে।<br>➢ ফরিদপুর-ভাঙ্গা রাস্তা সম্প্রসারণের কাজ চলমান থাকায় উক্ত রাস্তায় লাল পতাকা দিতে হবে।<br>➢ সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে ফরিদপুর সড়ক বিভাগের অর্ন্তভূক্ত সড়ক, মহাসড়কসমূহে এবং শহরের অভ্যন্তরে সড়কসমূহে প্রয়োজনীয় স্পীডব্রেকার, রোড সাইন, মার্কিং, রোড লাইট ইত্যাদি স্থাপন করতে হবে এবং এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>➢ সড়ক দুর্ঘটনার ক্ষতিপূরণ আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সকল থানায় প্রেরণ করতে হবে।<br>➢ ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের পুনর্বাসনের বিষয়টি থানা ও হাইওয়ে থানার মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ (আহত/নিহত) ব্যক্তিদের পুনর্বাসনের নিমিত্ত বিআরটিএ কর্তৃক সরবরাহকৃত আবেদন ফরম সকল থানায় প্রেরণ করতে হবে।<br>➢ স্পিড ব্রেকারগুলো রঙ দ্বারা চিহ্নিত করতে হবে।<br>➢ গাড়ির গতি নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে; কেউ যাতে ৮০ কি. মিটারের বেশি গতিতে গাড়ি চালাতে না পারে।<br>➢ ফরিদপুর শহরে রাস্তার পাশে হকার উচ্ছেদ করায় সভায় ধন্যবাদ জানানো হয়।<br>➢ ফরিদপুর শহরে একটি হলি ডে মার্কেট ও কৃষি মার্কেট করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➢ সড়ক দুর্ঘটনায় মৃত্যু ঘটলে এ সংক্রান্তে প্রতিদিন নিয়মিত প্রতিবেদন দিতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৩. মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।<br>৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৬. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।<br>৭. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর।<br>৮. সহকারী পরিচালক, বিআরটিএ, ফরিদপুর। |
| ০৮. বাজার মনিটরিং বিষয়ে আলোচনা: | ➢ মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী পেঁয়াজ, ডিম, লবন, চাল, ডালসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যেন বৃদ্ধি না পায়, সে জন্য বাজার মনিটরিং জোরদার করতে হবে।<br>➢ দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখতে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. সিভিল সার্জন, ফরিদপুর।<br>৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৬. বাজার কর্মকর্তা, ফরিদপুর।<br>৭. সভাপতি/সেক্রেটারী, চেম্বার অফ কমার্স, ফরিদপুরক।<br>৮. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিদপ্তর, ফরিদপুর। |
| ০৯. সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলা সংক্রান্ত আলোচনা: | ➢ রাষ্ট্রবাদী মামলা/রাষ্ট্র স্বার্থ সংশ্লিষ্ট মামলাগুলো যাতে সরকারপক্ষের যথাযথ প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিত করতে হবে।<br>➢ মাদক কিংবা সরকারের স্বার্থ সংশ্লিষ্ট মামলার রায় সরকারের বিপক্ষে গেলে দ্রুত আপীল করতে হবে।<br>➢ যে সকল মামলায় সরকারের বিরুদ্ধে রায় এসেছে সেগুলো পুর্নবিবেচনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এজন্য প্রয়োজনে জিপি, পিপি, এপিপি ও এজিপিদের নিয়ে আলাদা সভা করতে হবে।<br>➢ যদি কেউ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা ভঙ্গ করে তাহলে সংশ্লিষ্ট আদালতকে অবহিত করতে হবে এবং আদালতের আদেশ মোতাবেক কাজ করতে হবে। | ১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>২. বিজ্ঞ জি.পি/পি.পি, ফরিদপুর।<br>৩. সভাপতি/সেক্রেটারী ফরিদপুর জেলা বার অ্যাসোশিয়েশন, ফরিদপুর। |

CamScanner

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১০. বাল্য বিবাহ প্রতিরোধ | ➤ বয়স বাড়িয়ে এ্যাফিডেভিট সম্পাদনের মাধ্যমে বাল্যবিবাহে সহায়তাকারী নোটারী পাবলিকের বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ অনলাইন জন্ম সনদ ছাড়া অন্য কোন জন্ম সনদ নিকাহ রেজিষ্টারগণ গ্রহণ করবেন না এবং এ বিষয়টি যাঁচাই করে বিবাহ রেজিস্ট্রি করতে হবে।<br>➤ বাল্য বিবাহ রোধকল্পে স্থানীয় পর্যায়ে অংশীজনদের অংশগ্রহণে সচেতনতামূলক সভা অনুষ্ঠান করতে হবে।<br>➤ নোটারী পাবলিক ও নিকাহ্ রেজিস্ট্রারদের নিয়ে একটি আলাদা সভা করতে হবে।<br>➤ গ্রাম পুলিশ ও মেম্বারগণকে বাল্য বিবাহ প্রতিরোধে অগ্রণী ভূমিকা পালন করতে হবে; ব্যর্থতায় তাদেরকে শোকজ করতে হবে।<br>➤ বাল্য বিবাহ প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যানগণকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৩. মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৫. জেলা রেজিস্ট্রার, ফরিদপুর।<br>৬. সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ফরিদপুর। |
| ১১. মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত আলোচনা: | ➤ সকল উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের নিয়মিত ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>➤ ধুমপান ও তামাকজাত দ্রব্যের উপর মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>➤ অবৈধ বালি উত্তোলন ও মাটি কাটা বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>➤ সংশ্লিষ্ট সকল দপ্তরের উপস্থিতিতে টাস্কফোর্সের অভিযান পরিচালনা করতে হবে।<br>➤ লাইসেন্সবিহীন মটর সাইকেল এর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>➤ আবাসিক হোটেলে অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৩. সহকারী কমিশনার (ভূমি), (সকল), ফরিদপুর। |
| ১২.গ্রাম আদালত বিষয়ক আলোচনা: | ➤ ইউনিয়ন পরিষদের হিসাব সহকারীদের নিয়োগ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➤ ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতকে আরো বেশি কার্যকর ভূমিকা পালন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর। |
| ১৩. বিবিধ | ➤ জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দকে আবশ্যিকভাবে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিতি থাকতে হবে।<br>➤ রমজান উপলক্ষে তারাবীহ, সাহরী, ইফতারের সময় বিদ্যুৎ নিশ্চিত করতে হবে।<br>➤ অনুমোদিত বালু মহাল ব্যতীত বালু উত্তোলন করা যাবে না। ডিক্রীরচর হতে খুশীর বাজার পর্যন্ত নদী হতে বালু উত্তোলন বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বালু মহালে সন্ধার পর বালু উত্তোলন করা যাবে না।<br>➤ অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করতে হবে। সন্ধ্যার পরে নদী থেকে বালু উত্তোলন অবৈধ। এবিষয়ে কার্যক্রম ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ নর্থচ্যানেল চরাঞ্চলের ৩ কি. মি. এলাকার পদ্মা নদীর ভাঙন রোধকল্পে বালু কাটা বন্ধ করতে হবে।<br>➤ বালু পরিবহণের কারনে দুর্ঘটনা ঘটছে, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের এ বিষয়ে সর্তক থাকতে হবে।<br>➤ সামাজিক সম্প্রীতি কমিটির সভা নিয়মিত করতে হবে। উপজেলা পর্যায়ে সবগুলো সামাজিক সম্প্রীতি সভা অনুষ্ঠান সম্পন্ন করে উপজেলা নির্বাহী অফিসারগণ জেলায় রিপোর্ট করবেন।<br>➤ শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন শিক্ষকের অনুপস্থিতির বিষয়ে কঠোর নজরদারিতে রাখতে হবে।<br>➤ পদ্মা নদীতে জাটকা নিধন চলছে। জাটকা নিধন নিরোধ অভিযান জোরদার করতে হবে। | ১. সংশ্লিষ্ট সকল সদস্য |

অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২৪

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, ফরিদপুর
ফোন: ০২৪৭৮৮০৩০২২
(E-mail:dcfaridpur@mopa.gov.bd)

CamScanner

স্মারক নম্বর ০৫.১২.২৯০০.০২২.০৬.০২৭.২৩-২৫৫(৪)

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:-

১। জনাব -----------------------
মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর- ।

১২.০৩.২৪

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ফরিদপুর।

স্মারক নম্বর ০৫.১২.২৯০০.০২২.০৬.০২৭.২৪- ২৫৫/৪ (৭৫)

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০৭। উপসচিব, রাজনৈতিক শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২.০৩.২৪

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ফরিদপুর।

রক নম্বর ০৫.১২.২৯০০.০২২.০৬.০২৭.২৪- ২৫৫/৪ (৭৫)

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। পুলিশ সুপার, ফরিদপুর।
০২। পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, মাদারীপুর অঞ্চল, ফরিদপুর/ বাংলাদেশ নৌ-পুলিশ, ফরিদপুর।
০৩। সিভিল সার্জন, ফরিদপুর।
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর।
০৫। মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।
০৬। পরিচালক/ অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।
০৭। অধ্যক্ষ, সরকারি রাজেন্দ্র কলেজ/ সরকারি ইয়াছিন কলেজ/ সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর।
০৮। অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।
০৯। জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর।
১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।
১১। অতিরিক্ত পুলিশ সুপার সদর(সার্কেল)/ভাংগা(সার্কেল)/ নগরকান্দা(সার্কেল)/ মধুখালী(সার্কেল), ফরিদপুর।
১২। অতিরিক্ত পরিচালক, এনএসআই, ফরিদপুর।
১৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
১৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর।
১৫। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর।
১৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ----------------------------- (সকল), ফরিদপুর।
১৭। উপজেলা নির্বাহী অফিসার, --------------------------------- (সকল), ফরিদপুর।
১৮। সহকারী কমিশনার (ভূমি),.........................................................(সকল), ফরিদপুর।
১৯। মেয়র, ------------------------------------------------- পৌরসভা (সকল), ফরিদপুর।
২০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর (জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২১। সহকারী কমিশনার (গোপনীয়), বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ফরিদপুর, (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
২৩। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর।
২৪। জেল সুপার, জেলা কারাগার, ফরিদপুর।
২৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
২৬। নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো-(১), ফরিদপুর।
২৭। জেলা রেজিস্ট্রার, ফরিদপুর।
২৮। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফরিদপুর।
২৯। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।
৩০। সহকারী পরিচালক, বিআরটিএ, ফরিদপুর/ সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, ফরিদপুর।
৩১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ফরিদপুর।
৩২। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ফরিদপুর।
৩৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফরিদপুর।
৩৪। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিদপ্তর, ফরিদপুর।
৩৫। জনাব -----------------------------------------------, ফরিদপুর।

১২.০৩.২৪

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি
ফরিদপুর।

CamScanner